মেয়ে হত্যার বিচার চেয়ে আজও কাঁদছেন বাবা

মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলার গৌরিনগর গ্রামের বিল্লাল হোসেন এর বড় মেয়ে অনিতা খাতুন। পারিবারিক রীতি নীতি মেনেই ২০১৪ সালের ২৮আগষ্ট বিয়ে হয় একই উপজেলার দারিয়াপুর গ্রামের আমজাদ হোসেনের ছেলে কলিমুদ্দিন ওরফে কালু’র সাথে।

বিয়ের সময় কোন দাবি দাওয়া না থাকলেও পরবর্তিতে বিভিন্ন দাবি নিয়ে অনিতার উপর চাপ সৃষ্টি করতে থাকে কালু। নির্যাতনের নতুন মাত্রা যোগ করতে কালু’র সাথে যুক্ত হয় তার মা উনজিলা খাতুন।

অসহ্য যন্ত্রনা সইতে না পেরে মাঝে মধ্যেই অনিতা চলে আসতো তার বাপের বাড়ি। পরে বিভিন্ন ভাবে ফুসলিয়ে আবার ফিরিয়ে নিয়ে যেতো কালু ও তার পরিবার।
এরই মধ্যে কালু-অনিতার দাম্পত্য জীবনে জন্ম নেয় একটি কন্যা সন্তান। এর পর থেকেই যৌতুকের দাবিতে অনিতার উপর অনামানবিক নির্যাতন শুরু করে কালু সহ তার পরিবার।

অভিমান করে অনিতা আবারও তার বাপের বাড়ি চলে আসে। আর ফিরে যাবে না বলে জানিয়ে কালুকে। কিন্তু কয়েকমাস পর ব্রাক অফিসের মাধ্যমে সমোঝতা করে অনিতাকে পুনরায় ফিরে নিয়ে আসে কালু।
এর পরেই ঘটে অঘটন। ২০১৮ সালের ২২ সেপ্টেম্বর অনিতাকে হত্যা করে তার লাশ ঝুলিয়ে রেখে আত্মহত্যা বলে চালিয়ে দেওয়ার চেষ্টা করে কালু সহ তার পরিবারের লোকজন।

কান্না জড়িত কন্ঠে এভাবেই ঘটনার বর্ননা দেন নিহত অনিতার পিতা বিল্লাল হোসেন।
এ ঘটনায় নিম্ন আদালতে বিল্লাল হোসেন বাদী হয়ে ৬ জনকে আসামী করে একটি হত্যা মামলা দায়ের করা হয়। আসামীরা হলেন, কলিমুদ্দিন কালু(৩০), উনজিলা খাতুন(৪৫), আমজাদ হোসেন(৫২), মসলি খাতুন(২৫), সোনিয়া খাতুন(২৬) এবং ওয়াসিম(২৭)।

এ হত্যা মামলার তদন্তভার দেওয়া হয় মুজিবনগর থানার এসআই আবু হুসাইনকে। অনিতা আত্মহত্যা করেছে মর্মে আদালতে চার্জশিট দাখিল করেন।
কিন্তু জেলা সিভিল সার্জন থেকে ময়না তদন্ত রিপোর্টে বলা হয়েছে

অনিতার মৃত্যু হয়েছে মাথায় আঘাত লেগে। তাই বাদী বিল্লাল হোসেন নিম্ন আদালতে নারাজী দিয়ে নারী ও শিশু নির্যাতন ট্রাইব্যুনালের দারস্ত হয়।

নারী ও শিশু নির্যাতন ট্রাইব্যুনালের বিচারক রাফিজুল ইসলাম পুনরায় তদন্ত করার নির্দেশ দেন। তদন্তের দায়িত্ব দেওয়া হয় পিবিআই ইন্সপেক্টর মেহেদী হাসানকে। গত ২৭ নভেম্বর নারী ও শিশু নির্যাতন ট্রাইব্যুনালে এই মামলার দিন ছিল।

সেখানে তদন্তকারী অফিসার মেহেদী হাসান আত্মহত্যা মর্মে চার্জশিট দাখিল করেন।
পুনরায় বাদী বিল্লাল হোসেন নারাজী দেয়। পরে বিচারক রাফিজুল ইসলাম আগামী জানুয়ারী মাসের ৭ তারিখে এই মামলার তৃতীয় দিন ধার্য করেন।

এ ঘটনায় মুজিবনগর থানার ওসি আব্দুল হাসেম বলেন, জেলা সিভিল সার্জন ময়না তদন্তের যে রিপোর্ট দিয়েছে সেটাও সঠিক, আমরা যে তদন্ত রিপোর্ট দাখিল করেছিলাম সেটাও সঠিক। আমরা অতি সুক্ষ তদন্ত করে যা পেয়েছি সেটা হলো, অনিতা গলাই ফাঁস লাগিয়ে আত্মহত্যা করতে চেয়েছিল। কিন্তু সে সময় তার মৃত্যু হয়নি।

আশে পাশের লোকজন তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালের উদ্দেশ্যে নিয়ে যাচ্ছিলো। পথিমধ্যে যে গাড়িতে করে তাকে নেওয়া হচ্ছিলো সে গাড়িটি দুর্ঘনায় পড়ে। এতে অনিতার মাথায় আঘাত লাগে। মূলত এ কারনেই তার মৃত্যু হয়।

- মর্তুজা ফারুক রুপক

সহকারি লাইব্রেরিয়ান পদে নিয়োগ পরীক্ষা স্থগিত !

প্রধান শিক্ষকের বিরুদ্ধে বিভিন্ন অনিয়ম ও প্রার্থীদের সাথে আর্থিক লেনদেনের অভিযোগে গাংনীর এইচ এম এইচ ভি মাধ্যমিক বালিকা

বিদ্যালয়ের সহকারি লাইব্রেরিয়ান নিয়োগ পরীক্ষা সাময়িক স্থগিত করা হয়েছে।

তবে কি কারনে পরীক্ষা স্থগিত করা হয়েছে তার ভিন্ন ভিন্ন ব্যাখ্যা দিয়েছেন নিয়োগ বোর্ডের সংশ্লিষ্ট কর্মর্কর্তরা।

জানাগেছে, মেহেরপুরের গাংনী উপজেলার হিন্দা এইচ এম এইচ ভি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে ২০১০ সালের শেষের দিকে সৃষ্ট সহকারি লাইব্রেরীয়ান শুন্য পদের জন্য গত ২ নভেম্বরে আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহব্বান করা হয়।

আবেদন গ্রহনের নিমিত্তে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের পর স্থানীয় মফিজুর রহমান,মেহেদী হাসান,শাহানাজ খাতুন ও রাবেয়া খাতুন মোট চার জন প্রার্থী উক্ত পদের জন্য আবেদন করেন।

তবে আবেদন কারিদের মধ্যে দুই জন অন্য একটি প্রতিষ্ঠানে চাকুরিরত থাকায় এলাকাবাসির মধ্যে সন্দেহের সৃষ্টি হয়। তাছাড়া ডিজি’র মনোনীত প্রতিনিধি পরীক্ষার সময় পরীক্ষা কেন্দ্রে উপস্থিত থাকার কথা থাকলেও তার অনুপস্থিতিতে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছিল।

আবেদনকারীদের নিয়োগ পরীক্ষায় অংশ গ্রহনের জন্য গত ১৯ ডিসেম্বর তারিখে প্রবেশ পত্র প্রদান করেন নিয়োগ বোর্ডের কর্মকর্তা।

মেহেরপুর সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষককে ডিজি’র মনোনীত প্রতিনিধি নিযুক্ত করে ২৭ ডিসেম্বর শুক্রবার সকালে গাংনী মাধ্যমিক শিক্ষা অফিসারের সভা কক্ষে নিয়োগ পরীক্ষা শুরু হয়।

পরীক্ষা শুরুর কিছুক্ষণ পরে গাংনী উপজেলা নির্বাহী অফিসারের নির্দেশে নিয়োগ পরীক্ষা সাময়িক স্থগীত হয়ে যায় বলে জানা গেছে। তবে কি কারনে নিয়োগ পরীক্ষা স্থগীত করা হয়েছে তার সঠিক কারন জানাতে পারেনি নিয়োগ সংশ্লিষ্ট কর্তারা।

নাম প্রকাশ না করার শর্তে স্থানীয়রা জানায়, বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি জাহাঙ্গীর আলম, প্রধান শিক্ষক আব্দুল হালিম ও মাধ্যমিক শিক্ষা অফিসারের যোগসাজসে মোটা অংকের টাকার বিনিময়ে সহকারি লাইব্রেরীয়ান নিয়োগ দেয়া হচ্ছে।

স্থানীয়রা এমন অভিযোগ তোলার কারনে নিয়োগ পরীক্ষা স্থগীত করা হয়েছে বলে জানায় একজন কর্মকর্তা।

মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাসার জানান, আমি ডিজি প্রতিনিধির সাথে কথা বলে নিয়োগ পরীক্ষা নেয়া হচ্ছিল,কিন্তু তার নির্দেশেই স্থগীত করা হয়েছে। তবে পরীক্ষা স্থগীতের যৌতিক কোন কারন আছে বলে আমার মনে হয়নি।

বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি জাহাঙ্গীল আলম জানায়, বিদ্যালয়ের উন্নয়নের জন্য স্থানীয় শিক্ষীত ব্যাক্তিদের আর্থিক সহায়তায় বিদ্যালয়টি পরিচালিত হয়ে আসছে। টাকা পয়সা নিজেরা খরচ করে বিদ্যালয়টি পরিচানা করছেন। তবে পরীক্ষা স্থগীত করার কারন তিনিও জানেন না বলে জানিয়েছেন।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক আঃ হালিম জানায়, নিয়মতান্ত্রিক ভাবেই পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছিল। অদৃশ্য ইশারায় পরীক্ষা স্থগীত হওয়ায় আমি হতাশাগ্রস্থ।

নিয়োগ পরীক্ষায় নিযুক্ত ডিজি’র মনোনীত প্রতিনিধি মেহেরপুর সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক শান্তি আরা বেগম জানান, নিয়োগ পরীক্ষার ব্যাপারে আমি কিছুই জানিনা। আমাকে জানানো হয়নি। তাছাড়া আমি চিকিৎসার জন্য ঢাকায় আছি। আমার সাথে কেউ কথা বলেনি। এসব বানোয়াট কথা বলা হচ্ছে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমানের সাথে মোবাইল ফোনে বারবার যোগাযোগের চেষ্টা করা হলে রিসিভ না করায় তার মন্তব্য নেয়া সম্ভব হয়নি।

– আল আমীন, মেহেরপুর

সারাদেশের ১৯৯৭ সালের এসএসসি ব্যাচের মিলন মেলা মেহেরপুরে

“এসো মিলি হৃদয়ের বন্ধনে” এই স্লোগানে দেশের সকল জেলা এসএসসি ১৯৯৭ সালে পরিক্ষার্থী ছিলেন তাদের নিয়ে মেহেরপুর জেলায় গেটটুগেদার অনুষ্ঠিত হয়েছে। এ উপলক্ষে শুক্রবার বেলা ১১ টার দিকে

একটি আনন্দ র্যালি বের হয়।

র্যালিতে নেতৃত্ব দেন মেহেরপুর পৌর মেয়র,জেলা যুবলীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটন ৈও বন্ধু ৯৭ মেহেরপুর এর সভাপতি ডা. কাজল আলী। র্যালিটি শহরের পৌর কমিনিটি সেন্টারের সামনে থেকে শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিন করে জেলা প্রশাসন কার্যালয়ের সামনে গিয়ে শেষ হয়।

পরে মুজিবনগর স্মৃতি সৌধে গিয়ে শহীদের স্মরণে পুষ্প অর্পন করা হয়। পরে মুজিবনরে বাংলার ঐতিহ্য লাঠি খেলা, ডিজে পার্টি সহ বিভিন্ন ধরনের খেলা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠিত অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পৌর মেয়র ওবাইদুর রহমান জিপু, মেহেরপুর জেলা পরিষদের সাবেক প্রশাসক এ্যাড. মিয়াজান আলী, উপজেলা চেয়ারম্যান এ্যাড. ইয়ারুল ইসলাম।

সার্বিক সহযোগীতায় ছিলেন ডাঃ কাজল আলী, মোস্তাফিজুর রহমান, মেজবাহ উদ্দিন, আরিফুল ইসলাম জনি, সামস আলদিন সুমন, সাদিক নিয়ন, মারুফ আহমেদ লিংকন, সাদরুল ইসলাম নাহি, নাহিদ রাজা, আব্দুল ওয়ালি রাজা, জালাল উদ্দিন, আব্দুর রকিব, রাশেদুজ্জামান প্রদিপ, শাহীন রেজা, আনারুল ইসলাম,আব্দুল ওয়ালি রাজা, বাংলাদেশের বিভিন্ন জেলা থেকে আশা ১৯৯৭ সালের এসএসসি ব্যাচ। পরে মুজিবনগর মিলনায়তনে কেক কাটা হয়।

গভীর রাতে অসহায় শীতার্তদের পাশে ঝিনাইদহের পুলিশ সুপার

দেশব্যাপী চলছে শৈত্যপ্রবাহ। প্রচন্ড শীতে কাহিল হয়ে পড়েছে জন-জীবন। বিশেষ করে চরম কষ্ট সহ্য করতে হচ্ছে ছিন্নমুল ও খেটে খাওয়া সাধারণ মানুষকে। এই তীব্র শীতে অসহায় ও দুস্থ মানুষদের একটু উষ্ণতা দিতে গভীর রাতে অসহায় ছিন্নমুল শীতার্ত মানুষের পাশে দাঁড়ালো ঝিনাইদহের পুলিশ সুপার মো: হাসানুজ্জামান (পিপিএম)।

বৃহস্পতিবার রাত ১১টার দিকে জেলার কালীগঞ্জ রেল স্টেশন, কোটচাঁদপুর রেল স্টেশনসহ বিভিন্ন স্থান ঘুরে ঘুরে ৩ শতাধিক কম্বল বিতরণ করেন তিনি।

পুলিশ সুপার হাসানুজ্জামানের আগমনে কিছুক্ষণের জন্য শীতের কষ্ট ভুলে গিয়েছিলেন ছিন্নমূল এসব মানুষ। কোনো ধরনের আনুষ্ঠানিকতা ছাড়াই পুলিশ সুপার নিজেই উপস্থিত হয়ে ছিন্নমূল নারী, পুরুষ, শিশু, বৃদ্ধদের কম্বল বিতরণ করায় অবাক হয়েছেন অনেকে। তবে কম্বল পেয়ে এসব অসহায় মানুষ ভীষণ খুশি।

সেসময় পুলিশ সুপার বলেন, শীতের কারণে জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। বাড়ছে ঠান্ডাজনিত রোগ-ব্যাধি। প্রচন্ড শীতের কারণে রাতে রিক্সা চালক, শ্রমিক, নিরাপত্তা প্রহরী, রেল স্টেশনে থাকা মানুষগুলো শীতে কষ্ট করেন। এরাই প্রকৃত শীতার্ত। তাদের কষ্ট কিছুটা লাঘব করার জন্য রাতে বের হওয়া।

কম্বল বিতরনের সময় পুলিশ সুপার মো: হাসানুজ্জামানের সাথে অতিরিক্ত পুলিশ সুপার (সদর) তারেক আল মেহেদি, কালীগঞ্জ থানার ওসি মুহা: মাহফুজুর রহমান, কোটচাঁদপুর থানার ওসিসহ পুলিশ কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

- ঝিনাইদহ প্রতিনিধি

ঝিনাইদহে বিনামূল্যে ৩ হাজার রোগিকে চিকিৎসা দিলেন দেড়’শ চিকিৎসক

ঝিনাইদহে ফ্রি মেডিকেল ক্যাম্পে ৩ হাজার রেগিকে চিকিৎসা সেবা প্রদাণ করা হয়েছে।

শুক্রবার দিনব্যাপী সরকারি কেসি কলেজে এ ক্যাম্পের আয়োজন করে ঢাকাস্থ ঝিনাইদহ অফিসার্স ফোরাম। বর্ণাঢ্য আয়োজনের মধ্যে দিয়ে ক্যাম্পের উদ্বোধন করেন স্বাস্থ্য সচিব মোঃ আসাদুল ইসলাম।

ক্যাম্প উদ্বোধন কালে প্রধান অতিথির বক্তব্যে স্বাস্থ্য সচিব মোঃ আসাদুল ইসলাম বলেন, সরকারি স্বাস্থ্য সেবা মানুষের দোর গোড়ায় পৌছে দেওয়া হচ্ছে। সম্পদের অভাব নেই, শুধু প্রয়োজন উদ্যোগ ও আন্তরিকতার।

সরকারি কেসি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. বিএম রেজাউল করিম এর সভাপতিত্বে অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন, ডাক ও টেলি যোগাযোগ সচিব নুরুর রহমান, জেলা প্রশাসক সরোজ কুমার নাথ, ডাঃ প্রফেসর অলোক কুমার সাহা, স্বাস্থ্য বিভাগের খুলনা বিভাগের পরিচালক ডাঃ রাশেদা সুলতনা, সিভিল সার্জন ডাঃ সেলিনা বেগম, উপ-সচিব মঞ্জুরুল হাফিজ, ঝিনাইদহের পুলিশ সুপার হাসানুজ্জামান (পিপিএম) ও পৌর মেয়র ও জেলা আওয়ামী লীগের সম্পাদক সাইদুল করিম মিন্টু।

পরে দিনব্যাপী দেশের বিভিন্ন জেলায় কর্মরত ৬৫ জন বিশেষজ্ঞ ডাক্তারসহ ১’শ ৪০ জন ডাক্তার রোগিদের চিকিৎসা সেবা প্রদান করেন। সেবা পেতে সকাল থেকে রোগিরা এসে কলেজ ক্যাম্পাসে ভিড় করে।

আয়োজকরা জানান, প্রায় ৩ হাজার রোগিকে সেবা প্রদান করা হয়। ব্যবস্থাপত্রসহ রোগিদের কিছু ওষুধও দেওয়া হয়।

- ঝিনাইদহ প্রতিনিধি

আন্তর্জাতিক অভিবাসন দিবস বিতর্ক প্রতিযোগিতায় জীবননগরের সুমাইয়া ও তার দল বিজয়ী

আন্তর্জাতিক অভিবাসন দিবস উদযাপনে বিতর্ক প্রতিযোগিতায় সুমাইয়া বিনতে হাকিম ও তার দল চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে।

গত বুধবার এটিএন বাংলার ডিবেট ফর ডেমোক্রাসি এর আয়োজনে এটিএন বাংলা স্টুডিওতে বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

‘শুধু আইনের প্রয়োগ নয় সামাজিক সচেতনতায় পারে নিরাপদ অভিবাসন নিরসন করতে’ প্রতিপাদ্য বিষয় নিয়ে ঢাকার লালমাটিয়া মহিলা কলেজ ও সরকারি বাংলা কলেজের দুটি দল চূড়ান্ত প্রতিযোগীতায় অংশগ্রহণ করে।

লালমাটিয়া মহিলা কলেজের পক্ষ থেকে সুমাইয়া বিনতে হাকিম ও তার দল অংশগ্রহণ করে বিজয় অর্জন করে।

মানুষের জন্য ফাউন্ডেশনের চেয়ারম্যান রিনা দাসের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন পরিকল্পনা মন্ত্রী এম এ মান্নান। সুমাইয়া বিনতে হাকিম জীবননগর পৌর এলাকার হাইস্কুলপাড়ার আব্দুল হাকিম এর জ্যেষ্ঠ্য কন্যা।

- জীবননগর প্রতিনিধি

মেহেরপুরে বাড়ি বাড়ি ঘুরে দুস্থ শীতার্তদের মাঝে ওটিক গ্রুপের কম্বল বিতরণ

মেহেরপুর সদরের পিরোজপুর ইউনিয়নের বিভিন্ন গ্রামে বাড়ি বাড়ি ঘুরে দুস্থ অসহায় শীতার্তদের মাঝে কম্বল বিতরণ করেলন ওটিক গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী ইউসুব আলী।

গতকাল বৃহষ্পতিবার সন্ধ্যায় প্রথমেই তিনি নিজ গ্রাম চাঁদপুরের গরীব অসহায় ও দুস্থ শীতার্তদের মাঝে কম্বল বিতরণ শুরু করেন। পরে তিনি বাড়ি বাড়ি গিয়ে সিংহাটি, দরবেশপুর ও রাজনগর গ্রামের গরীব অসহায় ও দুস্থ শীতার্তদের মাঝে কম্বল বিতরণ করেন।

ওটিক গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী ইউসুব আলী বলেন-সমাজের দরিদ্র অসহায় মানুষের জন্য কিছু করে যেতে পারলে সেটায়

আত্নতৃপ্তি।
কম্বল বিতরণকালে উপস্থিত ছিলেন- আশকার আলী মন্ডল, সাইফুল, সেলিম রেজা, আঃ মোমিন প্রমুখ।

- বারাদী প্রতিনিধি

মুজিবনগরে সপ্তাহব্যাপী খ্রীষ্টিয় আনন্দ মেলার উদ্বোধন

মুজিবনগরে শুভ বড়দিন উপলক্ষে সপ্তাহব্যাপী খ্রীষ্টিয় আনন্দ মেলার উদ্বোধন করা হয়েছে।

বৃহঃপ্রতিবার বিকালে মুজিবনগর উপজেলার বল্লভপুর ফুটবল খেলার মাঠে এ উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়।

বাংলাদেশ চার্চ কুষ্টিয়া অঞ্চলের বিশপ রাইট রেভা.হোমেন হালদার এর

সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে সপ্তাহব্যাপী আনন্দ মেলার শুভ উদ্বোধন ঘোষনা করেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার উসমান গনী।

রিঠু বিশ্বাস ও বিকাশ বিশ্বাসের যৌথ পরিচালনায় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল হাশেম, বাগোয়ান ইউপি

চেয়ারম্যান আয়ূব হোসেন, মেলা কমিটির সভাপতি রেভাঃ মার্টিন হীরা মন্ডল,সাধারন সম্পাদক বাবুল বিশ্বাস, ইউপি সদস্য সংকর বিশ্বাস প্রমুখ।

এদিকে সন্ধায় একই মঞ্চে উদ্বোধনী অনুষ্ঠান শেষে এক মনঙ্গ সাংস্কৃতি সন্ধা অনুষ্ঠিত হয়।

- মুজিবনগর অফিস

কোটচাঁদপুরে ট্রাকের ধাক্কায় বাইসাইকেল আরোহী নিহত

ঝিনাইদহের কোটচাঁদপুরে ট্রাকের ধাক্কায় জাহিদুল ইসলাম (৪০) নামে এক বাইসাইকেল আরোহী নিহত হয়েছেন।

বৃহস্পতিবার বেলা সাড়ে ১১ টার দিকে পৌর শহরের রুদ্রপুর গ্রামে এ দূঘটনা ঘটে। নিহত জাহিদুল উপজেলার জগদেশপুর গ্রামের জয়নাল মন্ডলের ছেলে।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানাযায়, বৃহস্পতিবার বেলা সাড়ে ১১ টার দিকে জাহিদুল ইসলাম বাড়ী থেকে বাইসাইকেল যোগে কলেজ বাসষ্টান্ড এলাকায় নিজ ব্যবসা প্রতিষ্ঠানে আসছিলেন।

এসময় পিছন দিক থেকে আসা (ঝিনাইদহ-ট-১১-১৩৩৫) নাম্বারের একটি ট্রাক তাকে সজোরে ধাক্কা দিলে রাস্তার উপর ছিটকে পড়ে। এবং মাথায় গুরতর আঘাত পান।

স্থানীয়রা তাকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

কোটচাঁদপুর থানার ইন্সপেক্টর (তদন্ত) ইমরান আলম ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, এঘটনায় কোটচাঁদপুর থানায় একটি অপমৃত্যুর মামলা হয়েছে।

- কোটচাঁদপুর প্রতিনিধি

[redacted]

[redacted]